


এইচএসসির ফল অস্বস্তিকর, কারণ খুঁজে দেখা হবে: শিক্ষা উপদেষ্টা

স্টাফ রিপোর্টার

প্রকাশিত: ১৮:২৬, ১৬ অক্টোবর ২০২৫



ছবি: সংগৃহীত

অন্তর্বর্তী সরকারের শিক্ষা উপদেষ্টা অধ্যাপক চৌধুরী রফিকুল আবরার বলেছেন, এবারের এইচএসসির ফল অস্বস্তিকর। শিক্ষা মন্ত্রণালয় এ ধরনের ফলের দায় এড়াতে পারে না। এইচএসসি ও সমমান পরীক্ষার ফল কেন খারাপ হলো পর্যালোচনা করে খুঁজে বের করা হবে।

বৃহস্পতিবার এইচএসসির ফল প্রকাশ উপলক্ষে সচিবালয়ে ব্রিফিংয়ে এ কথা জানান তিনি। উপদেষ্টা বলেন, প্রকৃত কারণ খুঁজে বের করতে বিশেষজ্ঞদের নিয়ে ডাটাভিত্তিক পর্যালোচনা করা হচ্ছে।

আগে পাসের হার এবং জিপিএ-৫ এর সংখ্যাই তৃপ্তির মানদণ্ড ছিল উল্লেখ করে তিনি বলেন, আমরা চাই শিক্ষার ফল আবার বাস্তবতায় ফিরে আসুক। দেশে এমন এক সংস্কৃতি গড়ে উঠেছিল, যেখানে সংখ্যাই বড় সত্য হয়ে উঠেছিল। ভালো দেখাতে গিয়ে শেখার সংকট

আড়াল করার এই সংস্কৃতি আমরা বন্ধ করতে চাই। চাই, শিক্ষা ব্যবস্থা আবার বাস্তবতাকে প্রতিফলিত করুক।

উপদেষ্টা বলেন, এ বছর এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফল অনেককে বিস্মিত করেছে। পাশের হার এবং জিপিএ-৫ সংখ্যা আগের বছরের তুলনায় কম, এবং প্রশ্ন উঠেছে কেন? বাংলাদেশে শেখার সংকট শুরু হয় খুব শুরুর দিকেই। প্রাথমিক স্তর থেকেই শেখার ঘাটতি তৈরি হয়, এবং সেই ঘাটতি বছরের পর বছর সঞ্চিত হয়। কিন্তু আমরা দীর্ঘদিন এই বাস্তবতার মুখোমুখি হতে চাইনি। একজন দায়িত্বশীল উপদেষ্টা হিসেবে বলতে চাই, শিক্ষা ব্যবস্থা আবার বাস্তবতাকে প্রতিফলিত করুক।

শিক্ষা উপদেষ্টা বলেন, শিক্ষা মন্ত্রণালয় হিসেবে আমরা কোনোভাবেই দায়িত্ব এড়াতে পারি না। এবং এই মন্ত্রণালয়ের কর্ণধার হিসেবে আমার প্রথম দায়িত্ব হলো নিজেকে এবং আমাদের পুরো ব্যবস্থাকে মূল্যায়নের আওতায় আনা। এই ফলকে আমি ব্যর্থতা নয়, বরং আত্মসমালোচনার সুযোগ হিসেবে দেখছি। তিনি বলেন, প্রতিটি শিক্ষা বোর্ডকে তাদের মূল্যায়ন প্রক্রিয়ার একটি স্বতন্ত্র পর্যালোচনা রিপোর্ট তৈরি করতে বলা হয়েছে। পাশাপাশি, আমরা শিক্ষাবিদ, গবেষক, ও নীতিনির্ধারকদের নিয়ে একটি বিশেষজ্ঞ প্যানেল গঠন করছি। যারা ডেটা বিশ্লেষণ করে শেখার মূল ঘাটতিগুলো চিহ্নিত করবেন।
